

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১০। ঢেলা ব্যবহারকালে (একটি বা দুটিতে পরিষ্কার হয়ে গেলেও) কমসে কম তিনটি ঢেলা ব্যবহার করতে হবে

তিনটির বেশী প্রয়োজন হলে বেজোড় (৫ বা ৭টি) ঢেলা ব্যবহার বিধেয়। রাসুল (ﷺ) বলেন, "তোমাদের কেউ যেন তিনটির কম ঢেলা দ্বারা পেশাব-পায়খানা পরিষ্কার না করে।"[1]

"তোমাদের কেউ যখন (পেশাব-পায়খানার পর) ঢেলা ব্যবহার করে, তখন সে যেন বেজোড় ঢেলা ব্যবহার করে।"[2]

প্রকাশ থাকে যে, পেশাব-পায়খানার পর সরাসরি হাত যাতে পায়খানায় না লাগে, সেই ভয়ে মাঠে ঢিল ব্যবহার করে পায়খানা মুছে নেওয়ার পর পানি দিয়ে পায়খানাদ্বার ধুয়ে ফেলা দূষণীয় নয়। দূষণীয় ও অতিরঞ্জন হল, পানি থাকা সত্ত্বেও তা বাথরুমের ভিতরেও জরুরী মনে করা, এ কাজের জন্য স্পেশালভাবে ঢেলা প্রস্তুত করে মার্বেল পাথরের বাথরুমের ভিতরেও ব্যবহার করা। তদনুরূপ অতিরঞ্জন ও বিদআত হল লোকের সামনেও শরমের মাথা খেয়ে শরমগাহে ঢিল লাগিয়ে ধরে থেকে ৪০ কদম হেঁটে বেড়ানো।

ফুটনোট

- [1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২৩১৯১, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৬২, সুনানে আরবাআহ
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ১৬১, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৩৭ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=6994

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন